

Visit of Minister of State for External Affairs, Smt. Meenakshi Lekhi to Colombia and New York (4-9 September 2021)

September 02, 2021

পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের প্রতিমন্ত্রী শ্রীমতি মীনাঙ্কী লেখি কলোম্বিয়া এবং নিউ ইয়র্ক সফর(4-9 সেপ্টেম্বর 2021)

সেপ্টেম্বর 02,2021

পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের প্রতিমন্ত্রী শ্রীমতি মীনাঙ্কী লেখি 4 থেকে 9 সেপ্টেম্বর 2021, -এ কলোম্বিয়া এবং নিউ ইয়র্ক-এ সরকারি সফর করবেন। প্রতিমন্ত্রী হিসেবে এটি হবে তার প্রথম সফর।

2. প্রতিমন্ত্রী কলোম্বিয়াতে তার 4 থেকে 9 সেপ্টেম্বর সফরকালে, কলোম্বিয়ার উচ্চ নেতৃবৃন্দকে আহ্বান করবেন এবং কলোম্বিয়ার উপ রাষ্ট্রপতি ও বিদেশ মন্ত্রী শ্রীমতি মাটা লিসিয়া রামিরেজ-এর সাথে দ্বিপাক্ষিক আলোচনায়ও করবেন। সেই সাথে পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়ে দৃষ্টিভঙ্গির আদানপ্রদান করবেন। তিনি সামনের সারির ভারতীয় ও কলোম্বিয়ান কোম্পানিগুলির সাথে এবং সেই দেশে বসবাসকারী ভারতীয় সম্প্রদায়ের মানুষদের সাথেও কথাবার্তা বলবেন।

3. 2019 - এ ভারত এবং কলোম্বিয়া তাদের কূটনৈতিক সম্পর্কের 60 বছর উদযাপন পালন করেছে। ল্যাটিন আমেরিকায় কলোম্বিয়া হল ভারতের একটি গুরুত্বপূর্ণ অংশীদার এবং কলোম্বিয়ার সাথে আমাদের সম্পর্ক, বিশেষত অর্থনৈতিক এবং বাণিজ্যিক ক্ষেত্রে প্রসারিত হয়ে চলেছে। 2020-2021 -এ কলোম্বিয়ার সাথে দ্বিপাক্ষিক বাণিজ্য 2.27 বিলিয়ন মার্কিন ডলারে এসে দাড়িয়েছিল, যেটি COVID-19 অতিমারির কারণে ব্যাঘাত হওয়া সত্ত্বেও 2019-20 -র 1.85 বিলিয়ন মার্কিন ডলারের থেকে উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পেয়েছে।

4. প্রতিমন্ত্রীর কলোম্বিয়া সফর আমাদের দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতির পর্যালোচনা করতে এবং এই গুরুত্বপূর্ণ অংশীদারিকে আরও প্রসারিত ও শক্তিশালী করতে একটি সুযোগ প্রদান করবে। ভারতের তরফ থেকে শেষ সরকারি সফর হয়েছিল 2018 -র অক্টোবর মাসে, যখন তৎকালীন পররাষ্ট্র মন্ত্রকের প্রতিমন্ত্রী জেনারেল (অবসর প্রাপ্ত) কে সিং সরকারি সফরে কলোম্বিয়া গিয়েছিলেন।

5. প্রতিমন্ত্রী 7 থেকে 9 ই সেপ্টেম্বর তার নিউ ইয়র্ক সফরকালে, আইরিশ সভাপতিত্বে 8ই সেপ্টেম্বর 2021 তারিখে আহত ' রাষ্ট্রপুঞ্জের শান্তিরক্ষা অভিযান'-এর আলোচ্যসূচীর অধীনে 'অবস্থান্তর'-এর উপরে রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদের মন্ত্রীস্তরীয় মুক্ত বিতর্কে ভারতের প্রতিনিধিত্ব করবেন। আশা করা যাচ্ছে যে তিনি রাষ্ট্রপুঞ্জের বরিষ্ঠ নেতৃবৃন্দের সাথে সাক্ষাৎ করবেন এবং ভারতের স্বাধীনতার 75 তম বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আজাদি কি অমৃত মহোৎসব পালন করার জন্য নিউ ইয়র্কের ভারতীয় সম্প্রদায়ের সাথে সময় কাটাবেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর02,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.